REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৫শে মাঘ বুধবার ১৩৩৪ ইংরাজী 8th February 1928. | ৩৫শ সংখ্যা।

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ⁄০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে
শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## মুরারি বটিকা।

সর্ববিধ নূতন পুরাতন প্লীহা ও যকৃৎ সংযুক্ত ম্যালেরিয়া জ্বরের অদ্বিতীয় মহৌষধ।

সিভিল সার্জ্জন, এসিষ্টাণ্ট সার্জ্জন ও অন্যান্য ডাক্তারগণ দ্বারা বিশেষ পরীক্ষিত, প্রশংসিত এবং চিকিৎসায় ব্যবহৃত হইতেছে। রোগের উৎপত্তি ও প্রতীকার সম্বন্ধে পরীক্ষার জন্য গভর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতায় স্থাপিত স্কুল অফ ট্রপিকাল মেডিসিন নামক সর্ব্বোচ্চ বিদ্যালয়ের হাসপাতালে রোগীকে মুরারি বটিকা, সেবন করানায় আশ্চর্য্য ফল দর্শিয়াছে এবং মুরারি বটিকা ম্যালেরিয়ার যে সর্ব্বোৎকৃষ্ট ঔষধ তাহা সপ্রমাণিত হইয়াছে। ২০ বটিকার শিশির মূল্য এক টাকা মাত্র।

বেঙ্গল প্রিজার্ভিং কোম্পানী
১০নং ডিহি ইটালী রোড, কলিকাতা।

## হিলিংবাম

গত ৩৫ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না আর দিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
মাঝারি শিশি ২।০
ছোট শিশি ১৸০

## স্যাণ্টো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন শীত ও বসন্ত আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্টো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্টো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্টো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্টো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

### আর, লগিন্ এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## গুণে গন্ধে সৌরভসম্পদে কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজ

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায়
নিরাপদ
হইতে
হইলে




কর্পূরারিষ্ট
করিয়া
রাখা
উচিত।

মূল্য আট আনা মাত্র
ডাক ব্যয় স্বতন্ত্র।

### কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যঃ দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২৫শে মাঘ বুধবার ১৩৩৪ সাল।

## হরতাল।

—:•:—

সংবাদ আসিতেছে যে ভারতের সর্ব্বত্রই সম্পূর্ণ হরতাল রক্ষিত হইয়াছে। আমাদের জঙ্গিপুরেও ইহার কিছুমাত্র ত্রুটি হয় নাই। দোকান হাট সবই বন্ধ ছিল। জাতীয় জাগরণের দিনে সকলেরই এক প্রাণ দেখিলে মনে স্বতঃই আনন্দ আসে। হরতাল অন্তে মা জাহ্নবীর ক্রোড়ে যথারীতি সভা করিয়া সাইমন কমিশন বর্জ্জন প্রস্তাব গ্রহণ করা হইয়াছে। সময়োপযোগী সবই বেশ হইয়াছে। কিন্তু পরিতাপের বিষয় এই যে সে সভায় আমরা সহরের শিক্ষিত সম্প্রদায়ের ও মাথা মুরুব্বিদের (?) মধ্যে অনেককেই দেখিতে পাই নাই। এবারকার হরতালে ত সাম্প্রদায়িকতার (হিন্দু, মুসলমান, জৈন, পার্শী, উদারনীতি, সহযোগী, অসহযোগী সকলেই একযোগে) লেশমাত্র ছিল না। সুতরাং উক্ত সভায়, যাঁহারা সহরের নেতৃত্বের দাবী করিতে চাহেন, জনমতের দাবী করিতে চাহেন, তাঁহাদের উপস্থিতি আমরা আশা করিতে পারি না কি? উহা ত কোন ব্যক্তিগত সভা ছিল না, উহা ত "চাচা আপন বাঁচা" নীতিমূলক কোন সভা ছিল না—উহা যে ছিল সমগ্র ভারতের অপমানের প্রত্যুত্তর; সুতরাং সেখানে সকলেরই একমনে একপ্রাণে সমবেত হওয়া উচিত ছিল নাকি? এইজন্যই মহাত্মা অনেক দুঃখে বলিয়াছিলেন যে স্বরাজ কাজে তিনি চাহেন চাষাদের, যাহাদের মধ্যে নাই মারামারি, কামড়া-কামড়ি, ভোটাভোটি। [illegible] কথা—সাইমন ত বর্জ্জন হইল; কিন্তু "[illegible]ইমন" (Bad mind) ত বর্জ্জন কর্‌তে পারি না। [illegible]বিলাতী জিনিষে দোকান ভরিতেছি। বিলা[illegible] জিনিষ রাশি রাশি কিনিতেছি, বিলাতী অনুকরণ ত পদে পদে চলিতেছে, বিলাতী খানা [illegible]লে ত পেট ভরে না। তাই বলিতে হয় বর্ত্তমান যুগে মুখ চাহিনা—বুক চাই; কথা চাহিনা—কাজ চা[illegible] মুখের কথায় "গেল রাজ্য গেল মান" বলিয়া ডাক ছাড়িলে চলিবে না। এখন ডাক এসেছে—

> "—ত্বমুত্তিষ্ঠ যশোলভস্ব জিত্বা শত্রূন্
> ভুঙ্ক্ষ রাজ্য[illegible] সমৃদ্ধম্।"

## শোক সংবাদ।

—•—

গত ১৮ই মাঘ বুধবার জঙ্গিপুর আদালতের উদীয়মান উকিল শ্রীযুক্ত সুকুমার মুখোপাধ্যায় মহাশয় আত্মীয়স্বজনকে শোকসাগরে ভাসাইয়া পরলোক গমন করিয়াছেন। কলেরা রোগে তাঁহার মৃত্যু হয়। তিনি অতি সজ্জন ও মিষ্টভাষী ছিলেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

## খোয়ার ইজারদারের অত্যাচার।

### পাঁচ টাকা জরিমানা।

—•—

জেলা বোর্ড ও মিউনিসিপালিটির অধীনে যে সমস্ত খোয়াড় আছে উহার ইজারদারদের অত্যাচারের কথা প্রায়ই শুনা যায় অর্থাৎ তাহারা গবাদি পশুর মালিকের নিকট নির্দ্দিষ্ট (শাস্তি ও খোরাকির) পয়সা অপেক্ষা অনেক বেশী আদায় করে এবং অনর্থক কষ্ট দেয় এই সব অনাচারের প্রতিকার বড় একটা দেখা যায় না; কিন্তু সম্প্রতি রঘুনাথগঞ্জ খোয়াড়ে বেশী পয়সা আদায়ের চেষ্টা ও লোককে অনর্থক 'হায়রাণ' করার অপরাধে মিউনিসিপালিটীর চেয়ারম্যান মহোদয় খোয়াড়ের ইজারদারকে পাঁচ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন। স্থানে স্থানে ২।১ বার এইরূপ ব্যবস্থা হইলে ঐ সব অনাচারের হাত হইতে লোকে রক্ষা পাইবে বলিয়া মনে হয়।

## মেডিকেল কলেজের মামলা।

—•—

কলিকাতা মেডিকেল কলেজের লক্ষাধিক টাকার তহবিল তছরূপ করার অভিযোগে উক্ত কলেজের হেড ক্লার্ক শ্রীযুক্ত পঞ্চানন ঘোষ অভিযুক্ত হইয়াছিলেন। প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেটের বিচারে আসামীর ২ বৎসর সশ্রম কারাবাসের দণ্ডাদেশ হয়। এই দণ্ডাদেশের বিরুদ্ধে হাইকোর্টে আপীল করা হইয়াছিল। হাইকোর্ট আপীল নামঞ্জুর করেন। আসামী এতদিন জামিনে খালাস ছিলেন। গত ৪ঠা ফেব্রুয়ারী আসামী তাঁহার দণ্ডাদেশ উপভোগ করার জন্য আদালতে আত্মসমর্পণ করিয়াছেন।

## আবার বাজনা সমস্যা।

—•—

পাবনা জেলার বেরা নামক স্থানে মুসলমানগণ গত সরস্বতী পূজার মিছিলের সময় মসজিদের সামনে জোর করিয়া বাজনা বন্ধ করিতে চেষ্টা করিয়াছিল। অবশেষে পুলিশ যাইয়া বাজনাসহ শোভাযাত্রা পরিচালন করে।

## বর্দ্ধমানে মোটর দুর্ঘটনা।

—•—

বর্দ্ধমান জেলার গোলিগ্রাম নামক স্থানে একটী মোটর দুর্ঘটনার ফলে বাঙ্গালার সমবায় সমিতি সমূহের রেজিষ্ট্রার মিঃ [illegible]জ, [illegible]এম, মিত্রের বাম হস্তখানি ভাঙ্গিয়া গিয়াছে। তাঁহা[illegible] [illegible]ম্বাই মেলে কলিকাতা আনা হইয়াছে।

## তালুকদার হত্যার চেষ্টা।

—•—

শ্রী[illegible]ক্ত বসন্ত কুমার অধিকারী চাঁদপুর সহরের নিকটবর্ত্তী [illegible]ক গ্রামের একজন সম্ভ্রান্ত তালুকদার ও মহাজন। [illegible] [illegible]৮শে জানুয়ারী রাত্রিতে তাঁহাকে লক্ষ্য করিয়া কেহ [illegible] ছুড়িয়াছিল। তিনি উহাতে সামান্য আহত হইয়াছে[illegible]। পুলিশ ব্যাপারটীর তদন্ত করিতেছে।

## পৈতা বিলাপ।

—•—

পৈতে ব'লে সইতে নারি
(আমায়) সবাই মারচে টান।
কেউ মানেনা শাস্ত্র বাক্য
(তার) কথায় দেয় না কান॥

(ব'লে) মেরে জুতো তোমায় সুতো
তুলে নেবো গলে।
আর কিছু নয় অশৌচ সঙ্কোচ
ক'রব মা-বাপ ম'লে॥

(বলে) কলিতে নাই শূদ্রবর্ণ
সবাই এখন দ্বিজ।
দৈবায়ত্ত কুলে জন্ম
পুরুষত্ব নিজ॥

যত নষ্টের গুরু বামুন
দেশ করেছে মাটি।
চলবেনা আর কিড়িং মিড়িং
শাস্ত্রের খুঁটি নাটি॥

বামুন কিসে বড় বল?
খোদার সৃষ্ট সবাই।
(যে) সুতোর জোরে জোর তাহাদের
তা'র ঘুচিয়ে দিচ্ছি বালাই॥

ছাইকলজির যুগ গিয়েছে
উঠলো পৈতেবাজি।
হায় বিধাতা! পাল্লায় প'ড়ে
কিছুই না ভজি॥

"অবতার"

## হোমিওপ্যাথিক ডাক্তার।

—•—

জঙ্গিপুর নিবাসী শ্রীযুক্ত গোবর্দ্ধন ভট্টাচার্য্য মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র শ্রীমান্ যামিনীনাথ ভট্টাচার্য্য আমার ও আমাদের বাটীর ছেলেদের হোমিওপ্যাথিক মতে চিকিৎসা করিয়া বিশেষ ফল দেখাইয়াছেন। আমি আশা করি সাধারণে তাঁহার দ্বারা চিকিৎসা করাইলে আমার কথার যথার্থ সম্যক উপলব্ধি করিতে পারিবেন। ইতি—

জঙ্গিপুর,
২৩শে মাঘ ১৩৩৪।

বিনীত নিবেদক—
শ্রীশচীনন্দন দে, ম্যানেজার,
বেঙ্গল সিল্ক মিলস্ কোং
জঙ্গিপুর।

## ঘটক।

—•—

১৮ নং পীতাম্বর ভট্টাচার্য্যের লেন, কলিকাতা হইতে বাহির হইতেছে। আমরা ইহার ২য় ও ৩য় সংখ্যা একত্রে পাইয়াছি। পণপ্রথা নিবারণ করাই ইহার প্রধান উদ্দেশ্য। নানাস্থানের বহু পাত্র পাত্রীর সন্ধান দেওয়া আছে। আমরা ইহার দীর্ঘজীবন কামনা করি। প্রত্যেক বাঙ্গালীরই গ্রাহক হওয়া উচিত। বার্ষিক মূল্য সডাক ৩৲ তিন টাকা।

## নিলামের ইস্তাহার।

### চৌকি জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত।

### নিলামের দিন ১৮ই ফেব্রুয়ারী ১৯২৮।

১১ খাং ডিঃ ভজহরি নাথ দিং দেং হেফাজত মণ্ডল দাবি ২৩৭॥/৯ পং নওয়ানগর মৌজে জরিওর ১৬দ২॥ কাত ৩৪দ০ আঃ ১৭৫৲

৬২৮ খাং ডিঃ শ্যামাপদ রায় দিং দেং কুলদাসুন্দরী দাসী দাবি ৭২৷৬ পং কুণ্ডরপ্রতাপ মৌজে গোপ ভূমিহর ৫।২ কাত ১১৲ আঃ ৫০৲

# জঙ্গিপুর সংবাদের

## ক্রোড় পত্র।

২৫শে মাঘ বুধবার ১৩৩৪, ইংরাজী ৮ই ফেব্রুয়ারী ১৯২৮।

### মোটর দুর্ঘটনা।

—•—

গত ১৬ই মাঘ সোমবার প্রাতঃকালে রাজসাহী কোম্পানীর একখানি মোটর যাত্রী লইয়া কান্দী হইতে রাধারঘাট আসিতেছিল পথিমধ্যে খাগড়াঘাট রোড ষ্টেশনের নিকটে রেল লাইন অতিক্রম করিবার সময় গাড়ীখানি পথ ছাড়িয়া খালে পড়িয়া যায়। একজন লোক মারা গিয়াছে ও কয়েকজন সাংঘাতিকভাবে আহত হইয়াছে। গাড়ীর চালকের অসাবধানতার জন্যই এই দুর্ঘটনা ঘটিয়াছে। এই অপরাধে চালকের ২।৩ মাস জেল বা ২৫ টাকা জরিমানা হইবে। যদি এই গুরু অপরাধে লঘু দণ্ড না হইয়া কঠোর কারাদণ্ড ভোগ করিতে হইত তবে চালক বাবুরা বেশ সাবধানে নিজেদের কার্য্য করিতেন। দুর্ঘটনাও কম ঘটিত।

### দান।

মেসার্স লেজারাস কোম্পানীর বড় সাহেব মিঃ ভি, টি, ষ্টিফেন ঢাকাতে দরিদ্র হিন্দু ও মুসলমান ছাত্রদের জন্য ১টী প্রাথমিক বিদ্যালয় স্থাপনোদ্দেশ্যে হিন্দু-মুস্লিম সঙ্ঘের নিকট তিন শত টাকা দিয়াছেন।


কলিকাতার বহুদর্শী ডাক্তার ও কবিরাজগণ কর্ত্তৃক বিশেষভাবে পরীক্ষিত ও প্রশংসিত।

নূতন জ্বর চব্বিশ ঘণ্টায় আরোগ্য।

বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্কস
ট্রেড মার্ক
চাঁদ মার্কা পাচন

পুরাতন জ্বর তিনদিনে আরোগ্য।

দেশী গাছগাছড়া ও ধাতুঘটিত উপকরণে প্রস্তুত বলিয়াই এদেশীয় রোগীর পক্ষে এত ফলদায়ক।

যথার্থই পাঁচন—জ্বরের ব্রহ্মাস্ত্র আবার সালসার কাজ করে।

জ্বর বন্ধের পরও কয়েক দিন সেবন করিলে জ্বরের কীটাণুগুলি একেবারে নষ্ট করিয়া ক্ষুধাবৃদ্ধি এবং শরীর সুস্থ ও সবল করে।

প্রতি শিশি ॥৹ আনা। ]

[ প্রতি শিশি ॥৹ আনা।

ইহা সেবনে নূতন পুরাতন ম্যালেরিয়া, কুইনাইন আটকান, প্লীহা ও লিভারঘটিত, পালা, কম্প প্রভৃতি যে কোন প্রকারের জ্বর হউক না কেন, নির্দ্দোষভাবে আরোগ্য হয়। উপকার দেখিয়া বিস্মিত হইবেন।

চিঠি লিখিবার ঠিকানা—বসাক ফ্যাক্টরী, ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।



সু-সংবাদ!　　সু-সংবাদ!　　সু-সংবাদ!

আর ভাবিতেছেন কেন?

ঘরে বসিয়া কলিকাতার দরে মাল।

অর্থ উপার্জ্জনের চমৎকার উপায়, সামান্য পুঁজিতে লাভবান হইবার অদ্বিতীয় পন্থা,

সখ মিটাইবার উপযুক্ত সময়।

**মোটর কার,　　মোটর বাস,　　মোটর লরি।**

ফোর্ড, চেভরলেট এবং ডজ ব্রাদার্সের

যে কোন প্রকারের গাড়ী, নগদ বা ধারে যেমন ইচ্ছা পাইতে পারিবেন। বিস্তারিত বিবরণের জন্য অদ্যই পত্র লিখুন বা স্বয়ং দেখা করুন।

**মুখার্জ্জী ব্রাদার্স, মোটরকার এজেণ্টস,**

খাগড়া, (মুশিদাবাদ।)



## গর্ভনিবারণ চুর্ণ।

—:—

রুগ্না বা দরিদ্র রমণীগণ ইহা ব্যবহার করিয়া যতকাল আবশ্যক তাঁহাদের গর্ভসঞ্চার বন্ধ রাখিতে পারেন। ইহাতে জরায়ু বা ডিম্বকোষ (ওভেরী) চির দিনের মত নষ্ট করে না। ঔষধ বন্ধ করিলেই আবার গর্ভগ্রহণ শক্তি জন্মে। ইহাতে স্ত্রীলোকের স্বাস্থ্য বিন্দুমাত্রও নষ্ট হয় না, বরং যৌবন শোভা দীর্ঘস্থায়ী হয়। ব্যবস্থা পত্রে সকল গোপনীয় কথা লেখা থাকে। টিকিট দিলে পত্রের উত্তর দেওয়া হয়। দারিদ্র দেশে অবাধে ব্যবহারের নিমিত্ত এবং গুণ প্রচারার্থ আপাততঃ দীর্ঘকালের উপযোগী এক কৌটার মূল্য ডাঃ মাঃ সহ ১।০ এক টাকা চারি আনা।

ঠিকানা—

মেসার্স বি, দে, এণ্ড সন্স।

পোঃ বারদী, জিলা ঢাকা।



মাভৈঃ!　　মাভৈঃ!!

## কলেরা বিজয়।

ভীষণ কলেরার জন্য ভীত হইবেন না। নিম্ন ঠিকানা হইতে কলেরা বিজয় নামক ঔষধটী সংগ্রহ করিয়া রাখুন। নিকটে কলেরা দেখা দিলে বা পাতলা দাস্ত হইলে ব্যবস্থামত ব্যবহার করাইয়া সকলকে উক্ত ব্যাধির হস্ত হইতে মুক্তি প্রদান করুন। প্রারম্ভে সেবনে রোগ অঙ্কুরে বিনষ্ট হয়। শিশু ও গর্ভিণী নির্ভয়ে সেবন করিতে পারে। বহু পরীক্ষিত বলিয়া প্রতি গৃহে রাখিতে এবং সময়ে ব্যবহার করিতে অনুরোধ করি। অনুরোধ রক্ষা করিলে অর্থ নষ্ট ও শারীরিক কষ্ট হইতে অব্যাহতি পাইবেন। অলমতি বিস্তরেন। মূল্য মাত্র ॥০ আট আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ডাঃ শ্রীসীতানাথ দাস,

ই, এচ, পি, এণ্ড এচ, পি, পি।

হামরুল, রাজগাঁ, বীরভূম।

ব্র্যাঞ্চ:—রাজগাঁ, বীরভূম

## চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

### নীলামের দিন ১৫ই মার্চ্চ ১৯২৮।

৪৬৫ থাং ডিঃ কিরণবালা দেবী দেং উসমান সেথ দাবি ১৮৷/০ পং জোয়ার বিরাহিমপুর মৌজে গোঠা ২/৩৫ কাত ২৶/১৩৫ আঃ ৮৲

৪৮৮ থাং ডিঃ সাখোয়াত সেথ দেং হোসেনী সেখ দাবি ২৬৫৫৩ পং বড়জুমলা মৌজে ভবানীপুর ৪৷১ কাত ৩৲৫ আঃ ৫০৲ দেন্দারের এক-তৃতীয়াংশ। ২নং লাট পং আসদ নগর হুদা ইসলামপুর মৌজে চক সাদিয়া ১১৷৩ কাত ১০৶১৫ আঃ ৫০৲ দেন্দারের দুই-তৃতীয়াংশ।

৫৩৩ থাং ডিঃ শ্যামাপদ রায় দেং কুমুর্দ্দি সেথ দাবি ২২৫৷৷৯ পং গনকর মৌজে তেঘরি ১/৩ কাত ৫৷/১০ তাহার অন্তর্গত ৷৷০ কাঠা মায় ঘর বাটি চাল ছাপ্পর কপাট চৌকাঠ পতিত যায়গা সহিত আঃ ৩০৲

৫৬২ থাং ডিঃ কালিদাস মিত্র দেং কাশিম সেখ দিং দাবি ২০৭৷৷৶০ পং সুলতানউজিয়াল মৌজে বংশবাটী ৬৷০ নিস্কর আঃ ৭৫৲

---

## চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

### নিলামের দিন ১৯শে মার্চ্চ ১৯২৮।

১৬ থাং ডিঃ রাজেন্দ্রনারায়ণ রায় দেং বিসু মণ্ডল দাবি ২৫৮৶৭ পং দশহাজারী মৌজে হোসেনপুর ৭৭ ডেসিমেল কাত ৫৶০ আঃ ১৬৲

৩৮৪ থাং ডিঃ শ্যামাপদ রায় দিং দেং পূর্ণচন্দ্র সিংহ দিং দাবি ৩৬৷৶০ পং একবরসাহি মৌজে ভুমিহর ৫৷৪ কাত ৭৷৷৶০ আঃ ২৫৲

৫২৯ মর্গেজ ডিঃ যদুনাথ তেওয়ারী দেং খুদি বেওয়া দিং দাবি ১৯৬৫৶৬ পং মঙ্গলপুর মৌজে সেরপুর ৫০ কাত ২৷৷৮৷৷ আঃ ৫০৲

---

## অত্যাশ্চর্য্য ব্যাপার।

### সন্ন্যাসী প্রদত্ত ঔষধ।

হাঁপ, যক্ষ্মা, কাশি, অম্লপিত্ত, রক্তপিত্ত, অতিসার, অর্শ, মেহ, প্রমেহ, ধ্বজভঙ্গ, একশিরা, মূর্চ্ছা, বাধক, সূতিকা, নাসা, কুষ্ঠ, গোদ ইত্যাদি যাবতীয় রোগ ১ সপ্তাহে আরোগ্য হইবে। বেশীদিনের অসুখ হইলে ২ সপ্তাহ কাল ঔষধ সেবন করিতে হইবে। ইহা ছাড়া সকল প্রকার মাদুলীও পাওয়া যাইবে। একবার পরীক্ষা করিয়া দেখুন। নিবেদন ইতি—

নিবেদক—
কবিরাজ শ্রীশ্রীদামচন্দ্র কর্ম্মকার।
জঙ্গিপুর, ( মুর্শিদাবাদ। )

---

## স্পর্দ্ধা না ধৃষ্টতা?

আজকাল পেটেন্ট ঔষধের নাম শুন্‌লেই লোকে নাক সিট্‌কিয়ে থাকেন। পেটেন্ট ঔষধ আবিষ্কারক ও বিক্রেতাগণ নিজের ঢাক নিজে বাজাতে কসুর করেন না। বহুদিন ধ'রে ম্যালেরিয়ার কেন্দ্রস্থলে ম্যালেরিয়ার কারণ নির্দ্ধারণ ও চিকিৎসার জন্য বাস ক'রে ডাঃ আর, ব্যানার্জ্জি "জ্বরাঙ্কুশ" নাম দিয়ে ম্যালেরিয়ার ঔষধ আবিষ্কার ক'রেছেন। দাম মাত্র ৷৷৶০ আনা। সব ঔষধের চেয়ে এই ঔষধ ভাল এ স্পর্দ্ধা আমরা করি না। তবে বুক ঠুকে বড় গলায় ব'লতে পারি এত সুলভে ম্যালেরিয়া জ্বর, প্লীহা যকৃত সংযুক্ত জ্বর, রক্তাল্পতা, কামলা প্রভৃতির উপকার হয় এমন ঔষধ বাজারে বিরল। এক শিশি ব্যবহার ক'রে এই ঔষধের উপকারিতাসহ আমাদের কথার সত্যতা পরীক্ষা করুন ইহাই প্রার্থনা। ডজন ৬৲ ছয় টাকা।

সোল এজেন্ট:—ব্যানার্জ্জি কোং।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

---

## —সুরবল্লী কষায়—

### —সুস্বাদু, খেতেও কোন হাঙ্গামা নাই—

**দৌর্ব্বল্য**

রুগ্ন ও দুর্ব্বল ব্যক্তিদের জন্য সুরবল্লী কষায় বিশেষ উপযোগী কারণ এই সালসায় এমন সব উপাদান আছে যা'তে স্নায়ু ও মাংসপেশী বলিষ্ঠ ও পরিপুষ্ট হয়। প্রত্যেক শিশির সঙ্গে মাত্রা ও পথ্যাপথ্যের ব্যবস্থা দেওয়া আছে।

**চর্ম্মরোগ**

খোস পাঁচড়া চুলকানি ইত্যাদি রোগে দূষিত রক্ত পরিষ্কারের জন্য সালসা ব্যবস্থা হ'লে সুরবল্লী কষায় ব্যবহার করবেন। এই সালসা সম্পূর্ণ দেশীয় উপাদানে প্রত্যেক দিন আমাদের ঔষধালয়ে প্রস্তুত হয়।

**সুরবল্লী কষায়**
সব ডাক্তারখানায় পাওয়া যায়।
এক শিশি ১৷৷০ টাকা
তিন শিশি ৩৸০ আনা
ডাকমাশুল স্বতন্ত্র।

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ,**
২৯, কলুটোলা,
কলিকাতা।

---

## শুভ বিবাহ উপযোগী জামা ও কাপড়।

সকল শ্রেণীর সকল লোকের উপযুক্ত সকল রকম ফুলের নূতন নূতন ডিজাইন এর বেনারসী সাড়ী, পার্শী, বোম্বাই ও মাদ্রাজী সাড়ী, চেলি, তসর, গরদ, মটকা। সকল রকম দেশী তাঁতের কাপড়। জ্যাকেট, সেমিজ, মোজা, গেঞ্জী, রুমাল, তোয়ালে ইত্যাদি। যাঁহার যাহা আবশ্যক সমস্ত দ্রব্য একস্থানে বসিয়া একদরে পাইবেন। মূল্য বেশী কিম্বা অপছন্দ হইলে টাকা ফেরত দিয়া থাকি। মফঃস্বল অর্ডার যত্নের সহিত ভিঃ পিতে পাঠান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

# কৃষ্ণলাল মনিলাল এণ্ড কোং

### ২০৭-৩ হ্যারিসন রোড (বড়বাজার) কলিকাতা।

## দুঃখময় জীবন হয় কেন?

পূর্ব্বে জানিতে পারিলে কাহাকেও দুঃখ ভোগ করিতে হয় না। শরীর অসুস্থ হইবার অগ্রে যদি স্বাস্থ্য অক্ষুণ্ণ রাখিবার নিয়মগুলি জানিয়া রাখা যায়, তবে কাহাকেও দুঃখ ভোগ করিতে হয় না। শরীরের প্রধান শক্তি শুক্র, উহার অপব্যবহার না করিলে শরীরও অসুস্থ হয় না, জীবনে দুঃখও পাইতে হয় না। শুক্র সতেজ থাকিলে কাজ কর্ম্ম করিতে ইচ্ছা জন্মে, কার্য্য করিবার ক্ষমতা থাকিলে জীবনে কাহারও কষ্ট সহ্য করিতে হয় না। জীবনে অশান্তি আনয়ন করিতে যদি ইচ্ছা না থাকে তবে "আতঙ্ক নিগ্রহ বটিকা" সেবন করুন। ইহা ব্যবহারে স্বপ্নদোষ, ধাতুদৌর্ব্বল্য, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, অগ্নিমান্দ্য, শুক্রক্ষয়জনিত মাথাধরা, মাথাঘোরা, অকালিক ক্ষয়, শুক্রতারল্য, প্রস্রাব সম্বন্ধীয় যাবতীয় পীড়া নিবারণ হয়। এই বটিকা স্ত্রীলোকের যাবতীয় ব্যাধিও উপশম করিয়া থাকে। সেবনকালে বাঁধিবাঁধি কোন নিয়ম পালন করিতে হয় না। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা।

প্রাপ্তিস্থান :—

**আতঙ্ক নিগ্রহ ফার্ম্মাসী।**

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

নিম্নঠিকানায়ও এই ঔষধ বিক্রয় হয়।

**জঙ্গিপুর সংবাদ আফিস।**

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



## ইলেক্ট্রিক সালিউসন্




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি ব[illegible] তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ[illegible] ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের [illegible]তিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরো[illegible] ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আ[illegible]রিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছে[illegible]। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক ব[illegible]লে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় [illegible]ই বৈদ্যুতিক বলে আত অল্পক্ষ[illegible] মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌ[illegible], শুক্রের অল্পতা, পুরুষত্ব হ[illegible]নি, [illegible]অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠব[illegible]তা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব[illegible]ার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘা[illegible], পারদ সংক্রান্ত পীড়া, [illegible]কদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, [illegible]শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টি[illegible]রিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা, [illegible], প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূ[illegible] মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকি[illegible] যাঁহারা রাশি [illegible]শি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষ[illegible] তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক [illegible], মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। এ[illegible]মাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১॥০ দেড় [illegible]

অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া [illegible]বেন।

**সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।**

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।



রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও [illegible]শিত



# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৶০ এক টাকা পাচ আন।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্র[illegible] করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৶০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।



## বিনা অস্ত্রে আরোগ্য




### অপেরীণ।

ডাক্তার বি, এন, রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে নাকো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন করে লোক কি যন্ত্রণা ভোগে।
প্রথম অবস্থাতে যদি করেন ব্যবহার,
একেবারে বসে যাবে পাকবে নাকো আর।
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হবে না আর ছুরী দিয়ে কেটে।
দামও মোটে একটী টাকা মাশুল আট আনা,
ফতেপুর, গার্ডেনরীচ (কলিকাতা ঠিকানা)।
ডাক্তার বি, এন, রায় এই ঠিকানায় থাকে,
ঔষধ পাইতে হইলে পত্র লিখুন তাকে।

### দামোদর সুধা।

ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন ও পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ। মূল্য ॥৶০ দশ আনা।

### স্পিরিট ক্যাম্ফর

ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৶০ ছয় আনা একত্রে ৩ শিশি ১৲

**ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।**

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা